



০৭ অক্টোবর ২০২৩

## ০৭ অক্টোবর শনিবার ২০২৩ তারিখের ৩য় কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী

সবাইকে প্রীতি ও শুভেচ্ছা জানিয়ে বাংলা অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক সভা শুরু করার অনুমতি চাইলে সভাপতি কবি জামিল রায়হান সভা শুরু করতে বলেন। এরপর মঞ্চপবিষ্ট বাংলা অ্যালামনাইয়ের সভাপতি, সহ-সভাপতি, কোষাধ্যক্ষসহ সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু হয়। সভার অনতিপূর্বে সেমিনার ও মনোজ্ঞ আলোচনানুষ্ঠানের পর বাংলা অ্যালামনাই ঢাকাকেন্দ্র থেকে প্রকাশিত 'মায়াবী মতিহার' স্যুভেনিরের প্রকাশনার পাঠ-উন্মোচন করা হয়। এ সময় সেমিনারের অতিথিবৃন্দ ও ঢাকাকেন্দ্রের সভাপতি এবং সাধারণ সম্পাদক যথাক্রমে অ্যাডভোকেট এলিনা খান, মোহাম্মদ মাহবুব আলম মঞ্চ উপস্থিত থেকে তাদের কার্যক্রমের বিবরণ-পত্র বিতরণ করেন। অনুষ্ঠানে অ্যালামনাই সভাপতি কবি জামিল রায়হান 'মায়াবী মতিহারের' প্রশংসা করেন। এরপর নিম্নোক্ত আলোচ্যসূচির বিপরীতে সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

১. পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ  
সিদ্ধান্ত : কার্যবিবরণী পাঠ করা হলো এবং সর্বসম্মতক্রমে তা নিশ্চিত করা হলো
২. রাজশাহী ও ঢাকা শাখা কমিটি অনুমোদন এবং অন্য শাখা-কমিটি বিষয়ে আলোচনা  
সিদ্ধান্ত : রাজশাহী ও ঢাকা শাখা কমিটি অনুমোদিত হলো [কপি সংযুক্ত] এবং খুলনা কমিটি গঠনের উদ্যোগ হিসেবে বেলায়েত হোসেন বাবলুর আলোচনা সকলকে আশাভ্রদ করে তোলে।
৩. নতুন সদস্য অনুমোদন  
সিদ্ধান্ত : অনুমোদিত হলো [কপি সংযুক্ত]
৪. বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলনী ২০২৩র তারিখ এবং ফি নির্ধারণ  
সিদ্ধান্ত : ২৩ ডিসেম্বর শনিবার ২০২৩, ফি- প্রত্যেককে ৫০০/- নির্ধারণ করা হলো
৫. বার্ষিক সাধারণ সভা ও পুনর্মিলনী ২০২৩র বাস্তবায়ন উপ-কমিটি গঠন  
সিদ্ধান্ত : নিম্নোক্ত উপ-কমিটি গঠিত হলো :
  - ১) বাংলা অ্যালামনাইয়ের সাধারণ সম্পাদক শহীদ ইকবালকে আহ্বায়ক করে বাংলা বিভাগ অ্যালামনাইয়ের কোষাধ্যক্ষ এবং ঢাকা বিভাগীয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক, রাজশাহী বিভাগীয় কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদকসহ আরও কিছু সদস্য কো-অপ্ট করে নিয়ে কমিটি করার প্রস্তাব গৃহীত হলো।

[পরের পাতায়]

[চলতি পাতা]

## ৬. অ্যালামনাই স্যুভ্যেনির উপ-কমিটি গঠন

সিদ্ধান্ত : নিম্নোক্ত উপ-কমিটি গঠিত হলো :

- ১) ড. মিজানুর রহমান খান- আহ্বায়ক
- ২) মোহাম্মদ মাহবুব আলম- সদস্য
- ৩) মোহিতলাল সরকার- সদস্য
- ৪) ড. আবদুল ওয়াহাব- সদস্য
- ৫) ড. সৈয়দ তৌফিক জুহুরী- সদস্য-সচিব

প্রয়োজনে সদস্য-সচিব আরও সদস্য যুক্ত করে নেবেন।

## ৭. অ্যালামনাই থেকে বাংলা বিভাগের ইতিহাস-রচনার বিষয়ে অগ্রগতি পর্যালোচনা

সিদ্ধান্ত : সাধারণ সম্পাদকের অগ্রগতির অভিজ্ঞতা পেশ এবং নতুন কিছু প্রস্তাব গৃহীত হলো- যা আগামী সভায় উপস্থাপন করা হবে। এছাড়া আরও কিছু সম্ভাব্য বিষয়ের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনা করা হলো।

## ৮. দায়িত্ব গ্রহণের পর থেকে অদ্যাবধি আর্থিক-বিবরণী ও ব্যবস্থাপনা সম্পর্কে কোষাধ্যক্ষের বক্তব্য উপস্থাপন

সিদ্ধান্ত : কোষাধ্যক্ষের বক্তব্যে ২১০০০০০ (একুশ লক্ষ) টাকার সঙ্গে আরও ২৫০০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা যোগ করা হলো এবং বর্তমান কমিটির নিকট হিসাব নম্বরের কর্তৃত্ব হস্তান্তরের বিষয়ে অবহিত করেন।

## ৯. বিবিধ

সিদ্ধান্ত : আগামী বার্ষিক সাধারণ সভার আগে ঢাকা ও রাজশাহী উভয় কমিটি একশ' করে অন্তত দুইশ' সদস্যের যোগান দেবে মর্মে দায়বদ্ধতার কথা বলা হয়। নতুন শিক্ষার্থীদের জন্য করা ওয়ার্কশপসমূহের বিবরণ উপস্থাপন করা হলো। আগামীতে শাখা কমিটিগুলোর মধ্যে সৃজনশীল বিভিন্ন কর্মকাণ্ড যেমন- বিতর্ক-গল্পবলা প্রভৃতি প্রতিযোগিতার আয়োজন করা যেতে পারে বলেও অনেকেই অভিমত ব্যক্ত করেন।

সকলকে অভিনন্দন ও কৃতজ্ঞতা জানিয়ে বাংলা বিভাগ অ্যালামনাই, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সভাপতি কবি জামিল রায়হান সভার কাজ সমাপ্ত করেন।

মহম্মদ হুসেইন

সাধারণ সম্পাদক

স্বা./

সভাপতি